সংবাদ

তারিখ 26 OCT 2016
পৃষ্ঠা ১৫ কলাম ৪

## বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ে

# ৩১ অক্টোবর ৪টি অনুষদে ডিন নির্বাচন

নিজস্ব বার্তা পরিবেশক

আগামী ৩১ অক্টোবর সোমবার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ৪টি অনুষদে ডিন নির্বাচন অনুষ্ঠিত হবে। ডিন নির্বাচনে একাধিক প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়লাভ করতে পারেন। এ নিয়ে অবশ্য নিজেদের মধ্যে দফায় দফায় বৈঠক ও আলোচনা চলছে। ইতোমধ্যে তিনটি অনুষদে একজন করে প্রার্থী রয়েছেন। আর ডেন্টাল অনুষদে ২ জন থাকলেও তাদের মধ্যে সমঝোতার চেষ্টা চলছে বলে জানা গেছে। ডিন প্রার্থীরা হলেন, মেডিসিন অনুষদে প্রফেসর ডা. এবিএম আবদুল্লাহ, সার্জারিতে প্রফেসর ডা. কনক কান্তি বড়ুয়া, বেসিক সায়েন্স অনুষদে প্রফেসর ডা. ইকবাল আর্সলান ও ডেন্টাল অনুষদে প্রফেসর ডা. গাজী শামীম হাসান ও ডা. কাজী বিলুর রহমানের নাম রয়েছে।

খোঁজ নিয়ে জানা গেছে, নির্বাচনে মেডিসিন অনুষদে ভোটার ২০৮ জন, সার্জারিতে ১৯২ জন, বেসিক সায়েন্সে ৪৬ জন ভোটার ও ডেন্টালে ২৭ জন ভোটার রয়েছেন বলে প্রাপ্ত তথ্যে জানা গেছে। এই সংখ্যা বাড়তে বা কমতে পারে।

জানা গেছে, ডিন নির্বাচনের সম্ভাব্য কয়েকজন প্রার্থী এর আগেও নির্বাচনে জয়লাভ করেছেন। গত কয়েক দিন ধরে সম্ভব্য ডিন প্রার্থীদের তালিকা চূড়ান্ত করতে সিনিয়র শিক্ষকরা একাধিক বৈঠক করেছেন। বৈঠকে প্রাথমিকভাবে ডিন নির্বাচন মনোনয়ন তিন অনুষদে চূড়ান্ত করা হয়েছে। ডেন্টাল অনুষদে ২ জন প্রার্থী রয়েছেন। তাও আলোচনার মাধ্যমে সমাধান করার চেষ্টা চলছে বলে জানা গেছে। অনুষদগুলোতে একাধিক প্রার্থী না থাকলে নির্বাচন কমিশন থেকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় প্রার্থীদের বিজয়ী ঘোষণা করা হতে পারে। এই নিয়ে সম্ভাব্য প্রার্থী ও সিনিয়রদের মধ্যে আলোচনার মাধ্যমে চূড়ান্ত করেছে।

এই সম্পর্কে মেডিকেল ভার্সিটির প্রো-ভিসি প্রশাসন প্রফেসর ডা. শারফুদ্দিন আহমেদ বলেন, ডিন নির্বাচন যাতে সুষ্ঠুভাবে হয় তার জন্য প্রশাসনের পক্ষ থেকে সব পদক্ষেপ নেয়া হবে। এই সম্পর্কে প্রো-ভিসি শিক্ষা প্রফেসর ডা. জাকারিয়া স্বপন বলেন, ডিন নির্বাচনে ইতোমধ্যে মেডিসিন, সার্জারি ও বেসিক সায়েন্স অনুষদে সব প্রার্থীর মধ্যে আলোচনার মাধ্যমে প্রার্থী চূড়ান্ত করেছেন। এর মধ্যে মেডিসিনে প্রফেসর ডা. এবিএম আবদুল্লাহ, সার্জারিতে প্রফেসর কনক কান্তি বড়ুয়া ও বেসিক সায়েন্স অনুষদে প্রফেসর ডা. ইকবাল আর্সলান প্রাথমিকভাবে একক প্রার্থী হিসেবে বেসরকারিভাবে বিনা প্রতিদ্বন্দ্বিতায় পাস করেছেন। কিন্তু ডেন্টাল অনুষদ ঐকমত্যে পৌঁছতে না পারায় ২ জন প্রার্থীর মধ্যে সরাসরি নির্বাচন অনুষ্ঠিত হবে। সুষ্ঠুভাবে নির্বাচনের সব প্রস্তুতি নেয়া হয়েছে।